যুবলীগ নেতা রাজুর সঙ্গে আ’লীগের সাংগঠনিক সম্পর্ক ছিন্ন করে বিবৃতি

ঝিনাইদহ জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহম্মেদের সঙ্গে সকল সাংগঠনিক সম্পর্ক ছিন্ন করে তাকে বহিস্কারের সুপারিশ করেছে ঝিনাইদহ জেলা আওয়ামীলীগ।

সোমবার রাতে এক বিবৃতিতে ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় সামাজিক যোগাযোগ মাধ্যমে যুবলীগ নেতা রাজু ও এস এম রবির অডিও রেকর্ড ভাইরাল হলে তা জেলা আওয়ামীলীগের সভাপতি আব্দুল হাই এমপি ও সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর দৃষ্টিগোচর হয়। অডিও রেকর্ডে যুবলীগ নেতা রাজু জেলা পরিষদ নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী ও জেলা আ’লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বাবু কনক কান্তি দাস সম্পর্কে অশ্লিল ও কুরুচিপুর্ন শব্দ ব্যবহার করে তার বাড়িতে ইটপাটকেল নিক্ষেপ করে সম্প্রদায়ীক দাঙ্গার উস্কানী দেন। এ ছাড়া রাজু পৌর আওয়ামীলীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাস সম্পর্কে অশ্লিল শব্দ ব্যবহার করে গালিগালাজ করেন।

রাজুর এহেন কথোপকথন দলীয় শৃংখলা পরিপন্থি, সাম্প্রদায়ীক দাঙ্গা বাধানোর অপচেষ্টা ও শিষ্টাচার বহির্ভুত বলে প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। রাজু অডিওতে এমন বক্তব্য দিয়ে সংগঠন বিরোধী অপরাধ করেছেন মর্মে বলা হয়। ফলে জেলা আওয়ামীলীগ রাজুর সাথে সকল সাংগঠনিক সম্পর্ক ছিন্ন এবং এ ঘটনার কোন দায় দায়িত্ব ঝিনাইদহ জেলা আওয়ামীলীগ বহন করবে না। দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ আরো জানিয়েছেন, ইতিমধ্যে ঝিনাইদহ জেলা যুবলীগ ও কেন্দ্রীয় যুবলীগকে রাজুর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করা হয়েছে।

উল্লেখ্য সম্প্রতি যুবলীগ নেতা রাজু ও হামদহ এলাকার যুবলীগ কর্মী এস এম রবির কথোপকথনের অডিও রেকর্ড সামাজিক যোগাযোগ মাধ্যমে ফাঁস হলে তা মুহুর্তের মধ্যে ভাইরাল হয়। হিন্দু সম্প্রদায় ও

আওয়ামীলীগের সিনিয়র দুই নেতা কনক কান্তি দাস এবং জীবন বিশ্বাসকে“মালাউন” ও “চাড়াল” বলে গালি দেয় যুবলীগ নেতা রাজু।

এছাড়া আসন্ন জেলা পরিষদে কনক কান্তি দাসের বিরুদ্ধে অবস্থান গ্রহনের কথাও জানান রাজু। ফলে ফেসবুকে দেশ বিদেশের হিন্দু সম্প্রদায়ের লোকজন এ ঘটনার প্রতিবাদ জানিয়ে যুবলীগ নেতা রাজুকে দল থেকে বহিস্কারের দাবী তোলে।

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে প্রশিক্ষণের সমাপনী

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে দো’’র প্রশিক্ষণ কর্মশালা ও ২৩তম বেল্ট টেস্ট অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়েছে।

রবিবার (২৫ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টায় এ কর্মশালা শুরু হয়ে সোমাবার বিকাল ৪টায় বেল্ট প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

সমাপনি অনুষ্ঠানে সোতোকান কারাতেদো ঝিনাইদহের পরিচালক কাজী আলী আহম্মদ লিকুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন। বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা ক্রীড়া কর্মকর্তা মাহবুবুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাসলিমা বেগম, ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম, সোতোকান কারাতে দো ঝিনাইদহ’র সহকারি পরিচালক মাহবুবুর রহমান বিপ্লব উপস্থিত ছিলেন। দুইদিন ব্যাপি এই প্রমিক্ষণ এবং বেল্ট টেস্ট কর্মশালার বিচারক হিসেবে ছিলেন জাতীয় কারাতের প্রশিক্ষক মুহাম্মাদ জসিম উদ্দিন ব্লাক বেল্ট ৫ম ডান।

রবিবার ও সোমবার দুইদিন ব্যাপি এই সেমিনারে কারাতের বিভিন্ন

বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান ও বেল্ট টেস্টের মাধ্যমে ২৭জন প্রক্ষিণার্থীর মধ্যে উর্ত্তীর্ণ ২৬জন কে সনদ ও বেল্ট প্রদান করা হয়।

কোটচাঁদপুর যুবদলের বিক্ষোভ সমাবেশ

দেশব্যাপি যুব দল নেতা হত্যার প্রতিবাদ, অমানবিক নির্যাতন, তেল, গ্যাস, সহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্য বৃদ্ধি ও দেশ নেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তি এবং অবৈদ্য সরকার পতনের দাবীতে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা ও পৌর যুবদলের বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন।

শনিবার বিকালে কোটচাঁদপুরে দলটি বিক্ষোভ মিছিল ও সমাবেশে করেন। দলটি মেইন বাসস্ট্যান্ডে উপজেলা বিএনপি’র কার্যালয়ে সামনে থেকে বিক্ষোভ মিছিল বের হয়।পরে মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পায়রা চত্বরে সমাবেশে স্হলে এসে মিলিত হয়।

সভায় সভাপতিত্ব করেন পৌর যুব দলের আবহায়ক মোঃ ফয়েজ আহমেদ তুফান। উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুলের সঞ্চালনায় বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ আব্দুর রাজ্জাক,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন-উর-রশিদ, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু,দপ্তার সম্পাদক মোঃ শহিদুল ইসলাম, বলুহর ইউনিয়নের সভাপতি মোঃ আশরাফ আলী, সাধারন সম্পাদক মোঃ মফিজুর রহমান, যুগ্ম-সাধারন সম্পাদক হুমায়ুন কবির মিলন, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন, যুবদল নেতা অমেদুল ইসলাম, সাবেক ইউপি সদস্য মুহিদুল ইসলাম, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক রিপন শেখ, যুগ্ম আহ্বায়ক বেনজামিন,যুগ্ম আহ্বায়ক টুটুল, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, সেচ্ছাসেবক দল নেতা ডিপলু, জনি সহ

বিএনপি’র সকল অঙ্গ সংগঠন নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

সে সময় সরকার বিরোধী বিভিন্ন স্লোগানে স্লোগানে মুখরিত করে তোলেন বিক্ষোভ সমাবেশ স্থল।

ঝিনাইদহ জেলা যুবদলের বিক্ষোভ সমাবেশ

মুন্সিগঞ্জে বিএনপির উপর পুলিশের গুলিবর্ষণে গুলিবিদ্ধ যুবদল কর্মী শাওন ভূঁইয়া নিহতের প্রতিবাদে ঝিনাইদহ জেলা যুবদল বিক্ষোভ সমাবেশ করেছে।

শনিবার দুপুরে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে জেলা যুবদলের আয়োজনে বিক্ষোভ মিছিল বের করা হয়। বিক্ষোভ মিছিলটি ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে থেকে বের করে শহরের এইচএসএস সড়কে পৌছলে পুলিশ বাধা দেয়। পরে সেখান থেকে ফিরে জেলা বিএনপি কার্যালয়ের সামনে তারা সংক্ষিপ্ত সমাবেশ করে।

সমাবেশে জেলা বিএনপি সভাপতি এ্যাড. আব্দুল মজিদ,সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুসহ বিএনপির বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

বক্তারা বলেন, এই সরকারের বিদায় ঘন্টা বেজে গেছে। সরকার পতন এখন শুধু সময়ের ব্যাপার মাত্র। যে ভাবে তারা বিএনপির বিভিন্ন নেতা কর্মীদের হত্যা, নির্যাতন করছে তাতে তাদের শেষ রক্ষা হবে না।

ঝিনাইদহে ন্যাপের জেলা প্রতিনিধি সম্মেলন

ধর্ম কর্ম গণতন্ত্রের নিশ্চয়তাসহ সমাজতন্ত্রই মুক্তির পথ এই শ্লোগানে ঝিনাইদহে ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপে)’র প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বিধান চন্দ্র বিশ্বাসকে সভাপতি এবং ইসতিয়াক মাহমুদ পাভেল কে সাধারণ সম্পাদক করে ২৭সদস্য বিশিষ্ট ন্যাপের জেলা কমিটির নাম ঘোষণা করা হয়েছে।

শনিবার (২৪ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে শহরের শহীদ সোহরাওয়ার্দী সড়কে জেলা ন্যাপের অস্থায়ী কার্যালয়ে এই দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

বিধানচন্দ্র বিশ্বাসের সভাপতিত্বে এবং ইসতিয়াক মাহমুদ পাভেল এর পরিচালনায় সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ন্যাপ কেন্দ্রীয় কমিটির সভাপতি এ্যাড. এনামুল হক। বিশেষ অতিথি হিসেবে ন্যাপের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক পরিতোষ দেবনাথ, সাংগঠনিক সম্পাদক নাসিমা হক রুবি, ও প্রচার সম্পাদক গোলাম নবী মিঠুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তব্য বক্তারা বলেন, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অসনীয় মূল্যবৃদ্ধি, ঘুষ, দুর্নীতি, সাম্প্রদায়িকতা রুখে দিতে এবং শান্তি নিরাপত্তা, সুশাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠায় সৎ আদর্শিক রাজনীতির আন্দোলন জোরদার করা প্রয়োজন। সেজন্য সমাজতন্ত্রের বিকল্প নেই।

বক্তারা আরও বলেন আগামী দ্বাদশ সংসদ নির্বাচন একটি শক্তিশালি নির্বাচন কমিশনের অধিনে অবাধ সুষ্ঠু গণতান্ত্রিক প্রক্রিয়ায় অনুষ্ঠিত হোক আমরা তাতে অংশ গ্রহন করব বলে প্রত্যাশা করি। দেশে যেন মৌলবাদী শক্তি আর মাথাচড়া দিয়ে না উঠতে পারে সে ব্যাপারে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহবান জানান।

কোটচাঁদপুরে ম্যানেজিং কমিটির নির্বাচনে জুয়েল প্যানেল জয়ী

উৎসব মুখর পরিবেশে কোটচাঁদপুরের পাঁচলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিদ্যালয়ে এ নির্বাচন হয়। নির্বাচনে মোস্তাফিজুর রহমান জুয়েল প্যানেল জয়ী হয়েছেন।

উপজেলা শিক্ষা কর্মকর্তা ও প্রিজাইটিং অফিসার রতন মিয়া জানান, মোট ভোটার ছিল ৪৭০ জন। এরমধ্যে ভোট পোল হয়েছে ৩৯৮ টি। দুইটি প্যানেলে ১০ জন এ নির্বাচনে অংশগ্রহণ করেন। এরমধ্যে রয়েছে মোস্তাফিজুর রহমান জুয়েল প্যানেলের আব্দুল ওহাব,আমিনুল হক,জাকির হোসেন,লিটন আলী বিউর খাতুন।

আর ইউপি সদস্য আশরাফুল আলমের প্যানেলের আনিচুর রহমান, নজির হোসেন,রেজাউল করিম,শামীম হোসেন,কুসসুম বিবি।

বুধবার সকাল ১০ টার সময় ভোট গ্রহন শুরু হয়। যা চলে বিরতিহীন ভাবে বিকাল ৪ ট পর্যন্ত। নির্বাচনে মোস্তাফিজুর রহমান জুয়েলের পূর্ন প্যানেল জয়ী হয়েছে।

কোটচাঁদপুরে কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতির বাৎসরিক সাধারণ সভা

বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার বাৎসরিক সাধারণ সভা অনুষ্টিত হয়েছে। বুধবার স্থানীয় বলুহর হ্যাচারি কমপ্লেক্সে এ সভা করা হয়।

সভাপতিত্ব বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সভাপতি সোহরাব হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

ঝিনাইদহের ওষুধ প্রশাসনের সহকারী পরিচালক নোহান হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ জিয়াউল হক, বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতির কেন্দ্রীয় পরিচালক আক্তারুজ্জামান আক্তার, সংগঠনের ঝিনাইদহের সভাপতি রফিকুল ইসলাম সোম,সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু।

এ ছাড়া উপস্থিত ছিলেন বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সিনিয়র সহসভাপতি মালিক তবিবুর রহমান,সংগঠনের উপদেষ্টা ও হাসান ফার্মেসির মালিক কাজী হাসানুজ্জামান, জুনিয়র সাংগঠনিক সম্পাদক ইউসুফ আলী মিলন,সিনিয়র সদস্য হুমায়ূন কবির, বোরহান কবির (ইমন)। সভায় প্রধান অতিথি এন্টিবায়োটিক খাওয়া ও বিক্রির উপর গুরুত্ব দিয়ে বলেন, এন্টিবায়োটিক যদি কোন রোগী ডোজ সম্পূর্ণ না করেন,সে ক্ষেত্রে শুধু ও রোগীর শরীরে না,আপনার শরীরেও তা রেজিষ্ট্রেন হয়ে যাবে। তখন সামান্য রোগেও আমরা মারা যেতে পারি।

তিনি বলেন, এ কারনে ঔষুধ বিক্রির সময় এটা আপনাদের খেয়াল রাখতে হবে। এছাড়া নকল ও ভেজাল ঔষুধ বিক্রির ব্যাপারে তিনি গুরুত্ব আরোপ করেন।

সভায় এ উপজেলার ৪ শতাধিক ওষুধের ফার্মসিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বাংলাদেশ কেমিষ্টস এন্ড ড্রাগিষ্টস সমিতি কোটচাঁদপুর শাখার সহসভাপতি হাসানুজ্জামান(ডাবলু)।

কোটচাঁদপুরে সাংবাদিকদের সাথে নবাগত ইউএনও‘র মতবিনিময়

সাংবাদিকদের সাথে নবাগত উপজেলা নির্বাহী অফিসারের মতবিনিময় ও পরচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে নির্বাহী অফিসারের কার্যালয়ে এ সভা করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন প্রেস ক্লাব কোটচাঁদপুরের সভাপতি মোঃ

নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক কাজী মৃদুল,সিনিয়র সাংবাদিক মোঃ কামাল হাওলাদার, রিপোটাস ক্লাবের সাধারণ সম্পাদক সুব্রত কুমার, কোটচাঁদপুর সাংবাদিক ইউনিয়নের সভাপতি রায়হান উদ্দিন, সাধারণ সম্পাদক মোঃ মঈন উদ্দিন খান, য়ায় য়ায় দিন পত্রিকার কোটচাঁদপুর উপজেলা প্রতিনিধি মোঃ আলমগীর খান,রির্পোটাস ইউনিটের সাধারণ সম্পাদক খোন্দকার আব্দুল্লাহ বাসার, সহ সভাপতি মোঃ সোহেল চৌধুরী, সাংগঠনিক সম্পাদক মোঃ রমজান আলী,রির্পোটাস ক্লাবের সদস্য রেজাউল ইসলাম, আকিমুল ইসলাম, রোকুনুজ্জামান।
এ সময় শুরু হয় উন্মুক্ত আলোচনা।

উপজেলা নির্বাহী অফিসার কোটচাঁদপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এবং সাংবাদিকদের কাছে সহযোগিতা কামনা করেন। সাংবাদিকদের পক্ষে মোঃ কামাল হাওলাদার বলেন কোটচাঁদপুর সাংবাদিকদের কোন বসার জায়গা নাই।আমরা চায় আপনি আমদের বসার জায়গা করে দিবেন।এটা আমরা চিরদিন স্বরণ করবো।

কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ

দেশব্যাপী বিএনপির চলমান কর্মসূচিতে পুলিশের গুলিবর্ষণ ও আওয়ামীলীগের সন্ত্রাসি হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি। রবিবার বিকালে এ কর্মসুচী পালন করেন দলটি।

বিক্ষোভ মিছিল ও সমাবেশ উপলক্ষে দুপুরের পর কোটচাঁদপুর মেইনবাসস্ট্যান্ডে নেতা-কর্মীরা জড়ো হতে থাকে। এরপর বিকাল ৫ টার সময় বিক্ষোভ মিছিল বের হয়। পরে মিছিলটি বলুহর বাসস্ট্যান্ড থেকে ফিরে এসে কলেজ বাসস্ট্যান্ডের সমাবেশ স্থলে এসে যোগদান করেন।

সমাবেশে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল। প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপজেলা চেয়ারম্যান ও বিএনপি নেতা একরামুল হক,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম।

এছাড়া উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু,দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া, উপজেলা যুবদলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল।

এ সময় নেতারা বলেন গুলি ও হামলা করে এ আন্দোলনকে দমানো যাবে না। এ ছাড়া এ আন্দোলনে সফলতা না আসা পর্যন্ত তারা ঘরে ফিরবেন না বলে দৃঢ প্রতিজ্ঞ।

ঝিনাইদহে পাগলা কুকুরের কামড়ে নারীসহ অন্তত ২০ জন আহত

ঝিনাইদহে পাগলা কুকুরের কামড়ে নারীসহ অন্তত ২০ জন আহত হয়েছে। শুক্রবার রাত ও শনিবার সকালে শহরের আরাপপুর ও সদর উপজেলার হলিধানী এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়,রাত থেকে সকাল পর্যন্ত আরাপপুর মাস্টারপাড়া,উকিলপাড়াসহ বিভিন্ন স্থানে একটি কুকুর পথচারীদের কামড়াতে শুরু করে।এলাকাবাসী তাড়া করলে তা শহরের বাইরে চলে যায়।

এছাড়াও সদর উপজেলার হলিধানী এলাকায় কুকুড়ের কামড়ে বেশ কয়েকজন আহত হয়।আহতদের মধ্যে ২০ জনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে চিকিৎসা দেওয়া হয়েছে।

হাসপাতালে চিকিৎসাধীন আরাপপুর এলাকার রহিমা খাতুন বলেন, আমি সকালে হাটতে বের হলে একটি লাল রংয়ের কুকুর এসে কামড়াতে শুরু করে। আমাকে কামড়িয়ে দৌড়ে পালিয়ে যায়। পরে শুনি রাস্তায় যাকে পেয়েছে তাকেই কামড়িয়েছে। একই এলাকার নাজমা খাতুন বলেন,আমি বাড়ি থেকে বের

হয়ে রাস্তায় আসতেই কুকুরটি কামড় দিয়ে পালিয়ে যায়।অনেক মানুষকে কামড়িয়েছে।অনেকের শরীর থেকে মাংস ছিড়ে নিয়েছে।

খবর পেয়ে লোকজন কুকুরটিকে পিটিয়ে মেরে ফেলেছে।

ঝিনাইদহ সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ তাপস কুমার জানান,হাসপাতালে কুকুরের কামড়ে রোগী এসেছিলো। কয়েকজনকে ভর্তি করা হয়েছে। অন্যরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে গেছে।